



## পশ্চিমবঙ্গ সরকার

প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক এর কার্যালয়  
অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর, পুরুলিয়া

ক্রমিক নং ১৯৮৪/বি.সি.ডব্লিউ.পি

তারিখ : ০৫.১২.২০১৯

### আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়ে ভর্তির বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর দ্বারা পরিচালিত পুরুলিয়া জেলার মানবাজার ব্লক-২ এর অন্তর্গত শুশুনিয়া গ্রামে অবস্থিত শুধুমাত্র আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলে ইংরেজী মাধ্যমে ২০২০ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণীতে নিম্নলিখিত সূচী অনুযায়ী ভর্তি প্রক্রিয়া শুরু হবে -

- ১) ফর্ম তোলা ও জমা - একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়,  
দেওয়ার স্থান শুশুনিয়া, মানবাজার ব্লক-২, বোরো থানা, পুরুলিয়া।
- ২) ফর্ম তোলা ও জমা - ০৯.১২.২০১৯ - ২৩.১২.২০১৯ তারিখ পর্যন্ত।
- ৩) ভর্তির পরীক্ষা - ২৭.১২.২০১৯
- ৪) পরীক্ষার সময় - ১২.০০ (দুপুর)
- ৫) পরীক্ষার স্থান - একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়,  
শুশুনিয়া, মানবাজার ব্লক-২, বোরো থানা, পুরুলিয়া।
- ৬) পরীক্ষার ফল প্রকাশ - ৩০.১২.২০১৯
- ৭) ভর্তির তারিখ - ৩১.১২.২০১৯ - ০৭.০১.২০২০ তারিখ পর্যন্ত।

আবেদনকারীর যোগ্যতা :- ১) যে শ্রেণীতে ভর্তির আবেদন করবে তার পূর্ববর্তী শ্রেণী উত্তীর্ণকারী। ২) ছাত্র বা পিতার আদিবাসী শংসাপত্র প্রাপ্তকারী। ৩) ভারতীয় নাগরিক।

আবেদনপত্রের সঙ্গে আবশ্যিক সার্টিফিকেট :- ১) পূর্ববর্তী শ্রেণী উত্তীর্ণের সার্টিফিকেট (প্রধান শিক্ষকের স্বাক্ষরিত) ২) আদিবাসী শংসাপত্র (পিতা বা ছাত্রের) মহকুমা শাসকদ্বারা প্রদত্ত। ৩) স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র (প্রধান বা পৌরপিতা দ্বারা প্রদত্ত)।

আসনসংখ্যা :-

শ্রেণী	বালক	বালিকা
ষষ্ঠ	৩০	৩০

### সুযোগ সুবিধা :

- \* এই আবাসিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পড়াশোনা, থাকা-খাওয়া, কোচিং, বিদ্যালয়ের পোশাক, শরীরচর্চা, সেমিনার ইত্যাদির জন্য কোন টাকা লাগে না।
- \* অসাধারণ প্রাকৃতিক সৌন্দর্যের মধ্যে অবস্থিত এই বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য পৃথকভাবে উন্নতমানের হস্টেল পরিকাঠামো রয়েছে।
- \* ছাত্র-ছাত্রীদের খাওয়ার জন্য পৃথকভাবে উন্নতমানের ডাইনিংরুমের ব্যবস্থা রয়েছে।

(২)

- \* ২৪ ঘন্টা বিদ্যুৎ ও পানীয় জলের সুবিধা আছে।
- \* মডার্ন কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয় আছে এবং প্রতি শ্রেণীতে কম্পিউটার বিষয় পঠন-পাঠনের সুব্যবস্থা আছে।
- \* প্রতি সপ্তাহে অভিজ্ঞ ও সুচিকিৎসক দ্বারা প্রতি ছাত্র-ছাত্রীর মেডিক্যাল চেক-আপ এবং বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়।
- \* উচ্চ-মাধ্যমিক স্তরে বিজ্ঞান ও কলা বিভাগে উন্নতমানের ল্যাবরেটরি (প্রতি বিষয়ে আলাদাভাবে) ব্যবস্থা রয়েছে।
- \* উন্নতমানের গ্রন্থাগারের সুবিধা রয়েছে।
- \* প্রোজেক্টের সহযোগে শিক্ষকের ব্যবস্থা আছে।
- \* ২০০৬ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক স্তরে পাশের হার ৯০% এর উপরে।
- \* ছাত্র-ছাত্রীদের জন্য পৃথকভাবে সঙ্গীত শেখার ব্যবস্থা আছে।
- \* অভিজ্ঞ ও প্রশিক্ষিত শিক্ষক শিক্ষিকা দ্বারা যত্ন-সহকারে, স্নেহশীলভাবে এই বিদ্যালয়ে পঠন-পাঠন, সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা ইত্যাদি সুন্দর ভাবে সুসম্পন্ন করা হয়ে থাকে।
- \* যে সমস্ত ছাত্র-ছাত্রী ফিডার স্কুলে পঞ্চম শ্রেণী থেকে ষষ্ঠ শ্রেণীতে উন্নীত হবে তাদেরও প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে, তবেই তারা ভর্তির সুযোগ পাবে।

এছাড়া বিস্তারিত জানতে বিদ্যালয়ে যোগাযোগ করুন (রবিবার বাদে) -  
ফোন নং- ৯৬৪১৮৫০৩০৯ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক -অভ্রদীপ সামন্ত

প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক  
অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর, পুরুলিয়া

ক্রমিক নং ১৯৮৪/১(২৯)/বি.সি.ডব্লিউ.পি

তারিখ : ০৫.১২.২০১৯

অনুলিপি জ্ঞাতার্থে আধিকারিকদের নিকট প্রেরিত হইল-

- ১) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পুরুলিয়া জেলা পরিষদ, জেলা পরিষদের ওয়েবসাইটে নোটিশ আপলোডিং এর জন্য অনুরোধ করা হইল।
- ২-৫) মহকুমা শাসক, রঘুনাথপুর/মানবাজার/বালদা/পুরুলিয়া (সদর) মহকুমা, নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ৬-২৫) সমষ্টি উন্নয়ন আধিকারিক (সকল), জেলা- পুরুলিয়া, নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ২৬) জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক), পুরুলিয়া, নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ২৭) জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক), পুরুলিয়া, নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ২৮) তথ্য ও সংস্কৃতি আধিকারিক পুরুলিয়া, নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ২৯) ডি.আই.ও, এন.আই.সি, বিভাগীয় ওয়েবসাইটে সংক্ষিপ্ত নোটিশ আপলোডিং এর জন্য অনুরোধ করা হইল।

প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক  
অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর, পুরুলিয়া